# আজ ছয় জেলায় নির্বাচনী জনসভা জামায়াত আমিরের



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দক্ষিণাঞ্চল সফরের অংশ হিসেবে আজ বরিশালের মেহেন্দিগঞ্জে সমাবেশ দিয়ে নির্বাচনী জনসভা শুরু করছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শুক্রবার (৬ ফেব্রুয়ারি) মেহেন্দিগঞ্জ থেকে যাত্রা শুরু করে তিনি পর্যায়ক্রমে পটুয়াখালীর বাউফল, পিরোজপুর, ঝালকাঠি, নড়াইল ও ফরিদপুরের বোয়ালমারীতে জনসভায় অংশ নেবেন। এ কর্মসূচির মধ্য দিয়ে শেষ হবে তার দক্ষিণাঞ্চল সফর।

এই সফরকে ঘিরে বরিশালসহ সংশ্লিষ্ট জেলাগুলোতে নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা গেছে। সকাল থেকেই বাউফল পাবলিক মাঠে ভিড় জমাতে শুরু করেন তারা। স্থানীয় নেতাকর্মীদের মতে, আমিরের উপস্থিতি সংগঠনের কর্মীদের আরও চাঙা করবে এবং নির্বাচনী পরিবেশেও প্রভাব ফেলবে।

সূত্র জানায়, আগামীকাল শনিবার (৭ ফেব্রুয়ারি) সিলেটে আরেকটি নির্বাচনী জনসভায় যোগ দেওয়ার কথা রয়েছে ডা. শফিকুর রহমানের।

LENS ASIA